সমকাল

তারিখ ... 21 NOV 2015 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৭ ...

# কুলাউড়া ও কাশিয়ানীতে সাত শিক্ষকসহ ৩৩ শিক্ষার্থী বহিষ্কার

■ কুলাউড়া (মৌলভীবাজার) ও কাশিয়ানী (গোপালগঞ্জ) সংবাদদাতা

কুলাউড়ায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) অধীনে এসএসসি পরীক্ষায় শুক্রবার অসদুপায় অবলম্বনের দায়ে ১৬ পরীক্ষার্থী ও দায়িত্বে অবহেলার জন্য ৭ শিক্ষককে বহিষ্কার করা হয়েছে। কুলাউড়া নবীনচন্দ্র মডেল উচ্চ বিদ্যালয় পরীক্ষা কেন্দ্রে বিজ্ঞান বিষয়ের পরীক্ষা চলাকালে ইউএনও মোহাম্মদ নাজমুল হাসান তাদের বহিষ্কার করেন।

এদিকে কাশিয়ানী উপজেলার ফুকরা মদন মোহন উচ্চ বিদ্যালয় কেন্দ্রে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এসএসসি সমমানের পরীক্ষায় নকল করার দায়ে ইউএনও মো. মুনিরুজ্জামান ১০ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করেছেন। এ ছাড়া আজমল নামে একজনকে পাঁচ হাজার টাকা জরিমানা ও রুবেল শেখ নামে একজনকে হাফিজুর রহমানের নামে পরীক্ষা দেওয়ায় এক বছর ছয় মাসের কারাদণ্ড দেন। এদিকে সহকারী কমিশনার (ভূমি) মো. কামরুল ইসলাম নকল করার দায়ে কাশিয়ানী জিসি পাইলট কেন্দ্রে সাতজনকে এবং এমএ খালেক ডিগ্রি কলেজ কেন্দ্রে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এইচএসসি সমমানের পরীক্ষায় পাঁচজনকে বহিষ্কার করেন।